

জার্মান যুক্তরাষ্ট্রীয় প্রজাতন্ত্র প্রেসিডেন্টের ভারতে রাষ্ট্রীয় সফর(৪-৯ফেব্রুয়ারি ২০১৪)

রাষ্ট্রপতি সম্মানীয় প্রণব মুখার্জির আমন্ত্রণে জার্মানি যুক্তরাষ্ট্রীয় প্রজাতন্ত্রের প্রেসিডেন্ট মহামহিম মিঃ জোয়াখিম গাউক ৪-৯ ফেব্রুয়ারি ২০১৪ ভারতে রাষ্ট্রীয় সফর করবেন। মন্ত্রী, সংসদ সদস্য এবং শীর্ষস্তরীয় বণিকদল প্রেসিডেন্ট জোয়াখিম গাউকের সফরসঙ্গী হচ্ছেন।

৪ ফেব্রুয়ারি ২০১৪ সন্ধ্যায় প্রেসিডেন্ট জোয়াখিম গাউক দিল্লি পৌঁছাবেন। ৫ ফেব্রুয়ারি ২০১৪ তিনি রাষ্ট্রপতিভবনে গার্ড অব অনার পরিদর্শন করবেন। তারপর তিনি রাজঘাটে গিয়ে জাতির পিতার প্রতি শ্রদ্ধার্ঘ্য অর্পণ করবেন। জার্মানির প্রেসিডেন্ট ভারতের সম্মানীয় রাষ্ট্রপতি এবং প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিং-এর সংগে মিলিত হবেন। উপরাষ্ট্রপতি, বিরোধি দল নেতা এবং ইউপিএ চেয়ারপার্সন প্রেসিডেন্টের সংগে সাক্ষাৎ করবেন।

৭-৯ ফেব্রুয়ারি ২০১৪ প্রেসিডেন্ট কণাটিক সফর করবেন এবং সেখানে অন্যান্য কর্মসূচীর সংগে রাজ্যপালের সংগে বৈঠক করবেন।

জার্মানি ও ভারতের মধ্যে সৌহার্দ্যপূর্ণ এবং নিবিড় সম্পর্কের ঐতিহ্য রয়েছে। ২০০০সাল থেকেই ভারত ও জার্মানি স্ট্র্যাটেজিক অংশীদার। ২০১১ সাল থেকে আন্ত-সরকারি পরামর্শ শুরু হওয়ায় সরকারি প্রধানস্তরে নিয়মিত উচ্চস্তরীয় প্রতিনিধিদলের সফর বিনিময়ের মাধ্যমে দ্বিপাক্ষিক সহযোগিতার সকল ক্ষেত্রে উল্লেখজনক প্রগতি হয়েছে। স্ট্র্যাটেজিক ক্ষেত্রের সহযোগিতা, আর্থিক ও বাণিজ্যিক সম্পর্কে কর্মোবর্ধমান বিকাশ এবং শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, সাংস্কৃতিক এবং জনতার সংগে জনতার সম্পর্কের ক্ষেত্রগুলিতে বার্তালাপ বৃদ্ধি পেয়েছে। জার্মানি ইউরোপের মধ্যে ভারতের বৃহত্তম বাণিজ্য অংশীদার রয়েই গিয়েছে। ভারত ও জার্মানি আন্তর্জাতিক ক্ষেত্রেও নিকট সম্পর্ক বজায় রেখেই পদক্ষেপ নেয়।

নয়াদিল্লি

৩১ জানুয়ারি ২০১৪